# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬০৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত্যু কামনা ও মৃত্যুকে স্মরণ করা

### আরবী

وَعَن عبد الله بن عَمْرو قَالَ ك قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تُحْفَةُ الْمُؤْمِنِ الْمَوْتُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَان

### বাংলা

১৬০৯-[১২] ’আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মৃত্যু হল মু’মিনের উপহার। (বায়হাক্বী’র শু’আবুল ঈমান)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : মুসতাদরাক লিল হাকিম ৭৯০০, শু‘আবুল ঈমান ৯৭৩০, ৯৪১৮, শারহুস্ সুন্নাহ্ ১৪৫৪, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৬৮৯০, য‘ঈফ আত্ তারগীব ২০৪৪, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ২৪০৪। কারণ এর সানাদে ‘আবদুর রহমান বিন যিয়াদ আল ইফরিক্বী রয়েছে যিনি একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মৃত্যুর মাধ্যমে ব্যক্তি বিশ্রাম গ্রহণ করে সকল প্রকার কষ্ট-ক্লেশ হতে আর এর মাধ্যমে তার ভালোবাসার বস্তর কাছে পৌঁছে। আর জীবনটা জেলখানা সে মতে মৃত্যু হল উপহার। কারও মতে, তুহফা বলতে কল্যাণ, অনুগ্রহ এবং দর্শনেন্দ্রিয়। সুতরাং মৃত্যু হল আল্লাহর পক্ষ হতে অনুগ্রহ মু’মিনের জন্য আর কল্যাণ ও তৃপ্তিকর নি‘আমাত তার জন্য যা তাকে পৌঁছে দেয় আল্লাহর জান্নাত ও তার নৈকট্যের দিকে এবং এর মাধমে দুনিয়া সকল কষ্ট-দুঃখ দূরীভূত হয়।

ত্বীবী বলেন, জেনে রাখ মৃত্যু হল বড় সৌভাগ্যে পৌঁছার মাধ্যম এবং সর্বোচ্চ মর্যাদায় অধিকারী হওয়ার উপায় আর এটা অন্যতম মাধ্যম হল স্থায়ী নি‘আমাতে পৌঁছার আর তা হলে এক বাড়ি হতে অন্য বাড়িতে স্থানান্তর যদি মৃত্যুকে বাস্তবে এক প্রকার ধ্বংস দেখায় কিন্তু প্রকৃতপক্ষে তা দ্বিতীয়বার জন্ম এবং তা জান্নাতের দরজাসমূহের মধ্যে দরজা যা তার দিকে পৌঁছায় আর যদি মৃত্যু না হত তা হলে জান্নাত হত না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56169

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন